

মিরপুর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।

তারিখ : ০৫/১২/২০২০,

সময় : ১০ঃ০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, মিরপুর, কুষ্টিয়া।

উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ

ক্রমিক নং	নাম, পদবী ও ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া	সভাপতি	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, পোড়াদহ ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, বারুইপাড়া ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৪	চেয়ারম্যান, ধুবইল ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	--
৫	সংরক্ষিত মহিলা সদস্য, ০৪ নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া	সদস্য সচিব	স্বাক্ষরিত
৬	উপজেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।		

অদ্যকার সভায় মিরপুর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া। এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন প্রকার সংশোধন ছাড়াই সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা শিক্ষা অফিসার পর্যায়ক্রমিকভাবে নিম্নোক্ত বিষয়গুলো উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়সমূহ	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	বছরের প্রথম দিনে জাকজমকপূর্ণভাবে পাঠ্যপুস্তক বিতরণ	বর্তমান সরকার প্রতি বছরের প্রথম দিনে শতভাগ শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহের ব্যবস্থা করেছেন। সুতারাং বছরের প্রথম দিনে বিধি অনুযায়ী গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে জাকজমক পূর্ণভাবে পাঠ্যপুস্তক বিতরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়
২	গরীব ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ ও বৃত্তি প্রদান	আর্থিক অভাবে অনেক গরীব অথচ মেধাবী শিক্ষার্থী পড়াশোনা করতে পারছে না। এ বিষয়ে আরো বিস্তারিত আলোচনা হয়। উক্ত বিষয়ে আলোচনা অস্ত্রে সঠিক তালিকা প্রস্তুত করে উপজেলা পরিষদের নিজস্ব তহবিল হতে গরীব ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ ও বৃত্তি প্রদান করা যেতে পারে।	উপজেলা পরিষদ
৩	উপজেলা শিক্ষা কমিটির সদস্যগণ কর্তৃক বিদ্যালয় পরিদর্শন	প্রাথমিক বিদ্যালয়ের দৈনন্দিন কার্যক্রম মনিটরিং করার জন্য প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তাগণ পাশাপাশি উপজেলা শিক্ষা কমিটির সদস্যগণ কর্তৃক বিদ্যালয় পরিদর্শনের ব্যবস্থা করতে হবে।	উপজেলা শিক্ষা কমিটি
৪	বিদ্যালয়ের মেরামত ও সংস্কার কাজ যথাযথভাবে বাস্তবায়ন	প্রতি বছর সরকারিভাবে বিদ্যালয়ের মেরামত ও সংস্কার কাজের বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু প্রায়শঃই দেখা যায় সেগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা হয় না। সেইজন্য উক্ত কাজগুলো মনিটরিং করে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	উপজেলা শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ মর্জিনা খাতুন)

মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।।

ও
সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
মিরপুর, কুষ্টিয়া।